দৈনিক ইত্তেফাক

তারিখ ... ..JAN. 7 1999.. ...
পৃষ্ঠা ২ কলাম ৫ ......

587

# ছাত্রীকে যৌন নির্যাতনের তদন্ত রিপোর্ট প্রকাশ বিলম্বিত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় লোকপ্রশাসন বিভাগের এক

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## রিপোর্ট প্রকাশ বিলম্বিত

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রীর সহিত আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক প্রফেসর শহীদুজ্জামানের কথিত অশোভন আচরণের অভিযোগের প্রেক্ষিতে গঠিত তদন্ত কমিটি আগামী শুক্রবার অথবা শনিবার রিপোর্ট প্রকাশ করিবে। পূর্ব-নির্ধারিত সময়সূচী অনুযায়ী গতকাল (বুধবার) এই তদন্ত রিপোর্ট প্রকাশের কথা থাকিলেও বিভিন্ন কারণে তাহা সম্ভব হয় নাই। সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, তদন্ত কমিটির বার বার তাগিদ সত্ত্বেও অভিযোগকারী ছাত্রী কিংবা তাহার পরিবারের কেহ কমিটির সম্মুখে হাজির হয় নাই। ফলে কমিটির সদস্যরা ঐ ছাত্রীর বাসায় গিয়া তাহার জবানবন্দি গ্রহণ করে। পাশাপাশি অভিযুক্ত শিক্ষক শহীদুজ্জামান এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ৫/৬ জন শিক্ষক ও ছাত্রের সাক্ষাৎকার গ্রহণ করা হইয়াছে। এই জবানবন্দি ও সাক্ষ্য যাচাই-বাছাই করিয়া লিপিবদ্ধ করা ও সুপারিশমালা প্রণয়নের জন্য বিলম্ব হইতেছে। তদন্ত কমিটি অভিযোগকারী ছাত্রীর জবানবন্দি লিখিয়া তাহাতে ছাত্রীর স্বাক্ষর গ্রহণ করিবে।

সংশ্লিষ্ট একটি সূত্র জানায়, তদন্ত কমিটির নিকট লোকপ্রশাসন বিভাগের অভিযোগকারী ছাত্রী বলিয়াছেন, প্রফেসর শহীদুজ্জামানের সহিত তাঁহার বিবাহের চূড়ান্ত কথাবার্তা চলিতেছিল। কিন্তু পরে তিনি অজুহাত তুলিয়া বিবাহ করিতে অস্বীকার করেন। ছাত্রীটি তালাকপ্রাপ্তা এবং পূর্বঘরের ৩ বৎসরের একটি সন্তান রহিয়াছে আর শহীদুজ্জামান দুইবার বিবাহ করিয়াছেন এবং স্ত্রী তালাকও দিয়াছেন।

এদিকে গতকাল তদন্ত রিপোর্ট প্রকাশের দাবীতে কথিত "যৌন নিপীড়ন বিরোধী ছাত্র-ছাত্রীবৃন্দ"-এর ব্যানারে আন্দোলনকারী ছাত্র ফেডারেশনের ১৫/১৬ জন নেতা-কর্মী অর্ধশতাধিক পুলিশ বেষ্টনীর মধ্যে ভিসি কার্যালয়ের সম্মুখে ঘন্টাখানেক অবস্থান কর্মসূচী পালন করে। এখানে ভূগোল বিভাগের ছাত্রী বলিয়া দাবীদার নাম প্রকাশে অনিচ্ছুক এক তরুণী বক্তৃতায় বলেন, ভূগোল বিভাগের এক শিক্ষক আমার দিকে খারাপ দৃষ্টিতে তাকাইত। আমাকে বলিত, তোমার চেহারা খুব সুন্দর। এই অবস্থানে শ্লোগান ধ্বনিত হয় যে, 'আমাদের ধমনীতে প্রীতিলতার রক্ত' 'আমাদের ধমনীতে তানিয়ার রক্ত' ইত্যাদি।